রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৫ সনের ৩২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৬, ২০১৫

সূচীপত্র

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৮৯—৪৯৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১৯৫—১২৩৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০০৩—১০৫৩ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-১ শাখা**

**আদেশ**

তারিখ, ২২ জুন ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৩-৩৪০**—যেহেতু, ডাঃ মোঃ নাফিসুর রহমান (১০১৪৫৫৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউখালী, পিরোজপুর গত ০৮-০৬-২০১২খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৯-০৯-২০১৩ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৩-৮২৫নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ১৭-১২-২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৩-৯৭৩নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ২২-০৩-২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪. ০০.০০.০১০.২০১৫-৯৭নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৪-০৬-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ নাফিসুর রহমান (১০১৪৫৫৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউখালী, পিরোজপুরকে

তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৮-০৬-২০১২খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

## আদেশ

তারিখ, ২৩ জুন ২০১৫

**নং ৪৫.১৫০.০০৪.০১.০০.০০৩.২০১৩-৩৪৬**—যেহেতু, ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ (৩১০৯৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও লাইন ডাইরেক্টর, এনসিডিসি) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে ১৩-০১-২০১৫ তারিখে ৪৫.১৫০.০০৪.০১.০০.০০৩.২০১৩-১৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, বৈদেশিক সাহায্যপুষ্ট নিরীক্ষা অধিদপ্তর (ফাপাড) কর্তৃক নিরীক্ষিত প্রতিবেদনে এবং পরবর্তীতে বিশ্বব্যাংক দাখিলকৃত রিভিউ প্রতিবেদন পর্যালোচনান্তে দেখা যায়, লাইন ডিরেক্টর NCDC অফিস হতে ২০১১-২০১২ অর্থ বছরে পিপিআর ২০০৮ এর বিধি ৬৯ অমান্য করে নির্ধারিত ব্যয়সীমার অতিরিক্ত অর্থের মালামাল ক্রয় করার ক্ষেত্রে ওপেন টেন্ডার আহবান না করে ৬,৬৬,০২,০০০/- টাকার মালামাল ক্রয় করা হয়েছে। NCDC এর সকল ট্রেনিং ভেনুসমূহ ঢাকার বাইরে অবস্থিত হলেও ঢাকায় অবস্থিত ২টি স্টেশনারী দোকান (নাদিয়া পেপার এন্ড স্টেশনারী এবং রয়েল পেপার স্টেশনারী) হতে পেটি ভাউচারের মাধ্যমে ট্রেনিং মেটারিয়াল ক্রয় করা হয়েছে এবং এ কাজে বিতরণ, বহন এবং রিসিভ রেজিস্টার সংরক্ষণ করা হয়নি। ভাউচারসমূহ যাচাইকালে পরিলক্ষিত হয় যে, ক্রয়ের ভাউচারসমূহ প্রায় একই ফরম্যাট ও একই ধরণের হাতের লিখা ট্রেনিং সামগ্রী ক্রয়ের সাথে অন্যান্য সামগ্রী একীভূত থাকলেও ক্রয়ের ক্ষেত্রে পিপিআর নির্ধারিত ব্যয়সীমা অতিক্রম করতঃ বিধি ভংগ করা হয়েছে। পিপিআর লংঘন করে মালামাল ক্রয়ের বিষয়ে গঠিত তদন্ত কমিটিকে তদন্তকালে উপস্থিত থেকে তথ্য সরবরাহের মাধ্যমে তিনি তদন্ত কাজে কোনরূপ সহায়তা করেননি। তদন্ত কমিটি প্রকল্পের নথি ব্যবস্থাপনায় ব্যাপক অনিয়ম পেয়েছে, তারিখ বিহীন রশিদ/ভাউচার দ্বারা মালামাল ক্রয় করা হয়েছে মর্মে উল্লেখ করেছে। তদুপরি তিনি মন্ত্রণালয় কর্তৃক বিভাগীয় মামলায় তাকে ব্যক্তিগত শুনানীর জন্য উপস্থিত হওয়ার জন্য নোটিশ করা সত্ত্বেও শুনানীতে উপস্থিত হননি;

এক্ষণে, সেহেতু, ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ (৩১০৯৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০২(দুই) বছরের জন্য ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের টাকা ২৯,০০০-১১০০×৬-৩৬,৬০০/- এর সর্বনিম্ন ধাপে অবনমিত করে ২৯,০০০/- টাকা নির্ধারণ করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। আদেশ জারির তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

## আদেশ

তারিখ, ২৩ জুন ২০১৫

**নং স্বাপকম/শৃংখলা-১/১-১১০/২০০৭/৩৪৮**—যেহেতু, ডাঃ তড়িৎ কান্তি ঘোষ (কোড-৪৩৫৯৯), মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, খুলনা (প্রাক্তন ইমার্জেন্সী মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, নড়াইল)-এর বিরুদ্ধে মাইডাস ফাইনান্সিং লিঃ নামক একটি ননব্যাংকিং প্রতিষ্ঠান কর্তৃক প্রতারণাপূর্বক ঋণ গ্রহণের জন্য বিজ্ঞ সিএমএম আদালত, খুলনা এর আদালতে ৩৭সি/০৬নং ও ০৪সি/০৯, সোনাডাঙ্গা, খুলনা ফৌজদারী মামলা দায়ের করা হয়;

যেহেতু, বিজ্ঞ সিএমএম আদালত, খুলনা তাকে ফৌজদারী মামলা নং-৩৭সি/০৬ এর বিষয়ে ০১(এক) বছর কারাদণ্ড ও ৪৮,৩৯,০০০.০০ (আটচল্লিশ লক্ষ উনচল্লিশ হাজার) টাকা জরিমানার দণ্ড এবং ফৌজদারী মামলা নং-০৪সি/০৯ এর বিষয়ে ০৬(ছয়) বছর কারাদণ্ড ও ০৫(পাঁচ) হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ০৬(ছয়) মাসের কারাদণ্ড প্রদান করেন;

যেহেতু, তিনি দি পাবলিক সার্ভেন্টস্ (ডিসমিসাল অন কনভিকশন) অর্ডিন্যান্স, ১৯৮৫ এর সিডিউলে বর্ণিত অপরাধে দণ্ডিত হওয়ায় অধ্যাদেশের ৩(১) ধারামতে তাকে ১৪-০২-২০১০ তারিখ হতে সরকারি 'চাকরি হতে বরখাস্ত' করা হয়;

যেহেতু, ডাঃ তড়িৎ কান্তি ঘোষ ফৌজদারী মামলা নং-৩৭সি/০৬ এর বিরুদ্ধে বিজ্ঞ অতিরিক্ত দায়রা জজ, ১ম আদালত, খুলনায় ক্রিমিনাল আপীল নং-৩৫৩/১০ এবং ফৌজদারী মামলা নং-০৪সি/০৯ এর বিরুদ্ধে ক্রিমিনাল আপীল নং-৩৫৪/১০ দায়ের করেন;

যেহেতু, আপীল আদালত, অতিরিক্ত দায়রা জজ, ১ম আদালত, খুলনা নিম্ন আদালতের উভয় দণ্ডাদেশ বাতিল করে তাকে খালাস প্রদান করেন;

যেহেতু, আপীল আদালতের প্রেক্ষিতে ডাঃ তড়িৎ কান্তি ঘোষ (কোড-৪৩৫৯৯) তাকে চাকুরি পুনর্বহালের বিষয়ে আবেদন দাখিল করেন, যাহা যথাযথভাবে মহামান্য রাষ্ট্রপতির নিকট উপস্থাপন করা হয়;

যেহেতু, ডাঃ তড়িৎ কান্তি ঘোষ বিজ্ঞ আদালতের রায়ে খালাস প্রাপ্ত হওয়ায় তাকে সরকার চাকুরিতে পুনর্বহাল করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, ডাঃ তড়িৎ কান্তি ঘোষ (কোড-৪৩৫৯৯), মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, খুলনা কে ১৪-০২-২০১০ তারিখ হতে সরকারি চাকুরিতে পুনর্বহাল করা হল।

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৪-০৫-২০১৫ তারিখের সিএও/স্বাস্থ্য/স্বাস্থ্য-৭/বিবিধ/২০১৫/২০৯৪/৪১৪ নং স্মারকে প্রদত্ত মতামতের আলোকে কর্মস্থলে তার অনুপস্থিতকালীন সময়কালকে কর্তব্যকাল হিসেবে গণ্য করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ৪ জুন ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৫-৩০৬**—যেহেতু, ডাঃ মোঃ রেজাউল হক (৪২৭৯৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৮-০৫-২০১২খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৬-০২-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৫-১৩০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৮-০৫-২০১৫ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ রেজাউল হক (৪২৭৯৯), কে এমডি (এ্যানেসথেসিওলজি) থিসিস ৩য় পর্ব সম্পন্ন করার জন্য গত ৩১-১২-২০১১ পর্যন্ত শিক্ষাছুটি মঞ্জুর করা হয়। কোর্স সম্পন্ন না হওয়ায় তিনি তার শিক্ষাছুটির মেয়াদ বৃদ্ধি করার জন্য আবেদন করলে কর্তৃপক্ষ কর্তৃক তার শিক্ষাছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন মঞ্জুর করা হয়নি। শিক্ষাছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন না-মঞ্জুর হলেও তিনি কর্তৃপক্ষের আদেশ ব্যতিত গত ০১-০১-২০১২ তারিখ হতে চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম তার শিক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছেন যা তিনি তার লিখিত জবাবেও উল্লেখ করেছেন। তার এ শিক্ষা কার্যক্রম চালিয়ে যাওয়ার বিষয়ে কর্তৃপক্ষের কোন অনুমোদন না থাকায় তা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত হিসেবে গণ্য এবং প্রশাসনিক ও দাপ্তরিক শৃংখলা ভঙ্গের সামিল;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ রেজাউল হক (৪২৭৯৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তাকে তিরস্কার করতঃ বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তার ১৮-০৫-২০১২খ্রিঃ তারিখ হতে বদলিকৃত কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৩-৩০৮**—যেহেতু, ডাঃ আবুল হাসনাত মোঃ ওয়াহিদুল হক (৪২১০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর ও সংযুক্ত-সহকারী অধ্যাপক, রেডিওলজি এন্ড ইমেজিং, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার গত ২০-১২-২০১২ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ১১-০৩-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৩-২২০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। এবং তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিশ্বস্বাস্থ্য-১ অধিশাখার ১৫-১১-২০১২ তারিখের Who-1/D-24/2011/624 নং স্মারকে তাকে ০১-০১-২০১৩ হতে ৩১-১২-২০১৫ তারিখ পর্যন্ত বৈদেশিক প্রেষণ মঞ্জুর করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ আবুল হাসনাত মোঃ ওয়াহিদুল হক (৪২১০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর ও সংযুক্ত-সহকারী অধ্যাপক, রেডিওলজি এন্ড ইমেজিং, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রতিবেদন, ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তারিখ, ১১ জুন ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩১.২০১৪-৩২০**—যেহেতু, ডাঃ মোঃ বদিউল আলম (৩৯৪০৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১-০৭-২০১২ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ০২-১২-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩১.২০১-২২০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৮-১২-২০১৪ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ বদিউল আলম (৩৯৪০৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তার বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাকে ভবিষ্যতের জন্য সতর্কতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তার গত ০১-০৭-২০১১ হতে ৩০-০৬-২০১২খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি এবং ০১-০৭-২০১২ তারিখ হতে ২৮-০৪-২০১৪ তারিখ পর্যন্ত সময়কে প্রাপ্যতা সাপেক্ষে অর্জিত ছুটি মঞ্জুর করা হল।

তারিখ, ১৮ জুন ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪২.২০১৫-৩৩৩**—যেহেতু, ডাঃ মোঃ মিজানুর রহমান (৪৩৩১৮), সহকারী অধ্যাপক, হেমাটোলজি বিভাগ, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ২৩-০৪-২০১৪ হতে ০৪-০৫-২০১৫ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২১-০৫-২০১৫ তারিখে ৪৫.১৫০. ০২৭.০১.০০.০৪২.২০১৫-২৬৩নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১০-০৬-২০১৫ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মিজানুর রহমান (৪৩৩১৮), সহকারী অধ্যাপক, হেমাটোলজি বিভাগ, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তার বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাকে ভবিষ্যতের জন্য সতর্কতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তার গত ২৩-০৪-২০১৪ হতে ০৪-০৫-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

তারিখ, ২৪ জুন ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৬.২০১৪-৩৫৩**—যেহেতু, ডাঃ মোঃ আবুল হাসেম শেখ (৪০০৭২), মেডিকেল অফিসার হিসেবে পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগের অধিনে ন্যস্তকৃত (প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভাঙ্গা, ফরিদপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ১৩-০৮-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৬.২০১৪-৬২৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলায় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৭-১২-২০১৪ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করে আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আবুল হাসেম শেখ (৪০০৭২), মেডিকেল অফিসার হিসেবে পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগের অধিনে ন্যস্তকৃত (প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভাঙ্গা, ফরিদপুর) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তার বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

**বিমান কুমার সাহা** এনডিসি  
অতিরিক্ত সচিব।

---

**নৌ-পরিবহন মন্ত্রণালয়**  
**জাহাজ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ জুলাই ২০১৫

**নং ১৮.০১৯.০২৭.০০.০০.০৬০.২০১১(অংশ)-৪৪৯**— নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা সমুদ্র পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক গত ২২-০৫-২০১২ তারিখে চট্টগ্রামের সরকারি শিপিং অফিসের শিপিং মাস্টার জনাব শেখ আলী আম্বিয়াকে চাকুরি হতে বরখাস্ত করেন। বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকা কর্তৃক উক্ত আদেশ বেআইনী, বাতিল ও কর্তৃত্ব বহির্ভূত মর্মে বিবেচিত হওয়ায় প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকা এর মামলা ২৩/২০১৩ এর ২৪-০৭-২০১৪ তারিখের আদেশে এ বরখাস্ত আদেশ বাতিল করা হয়েছে। বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকা এর আদেশ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের প্রেক্ষিতে জনাব শেখ আলী আম্বিয়াকে সরকারি শিপিং অফিস, চট্টগ্রামের শিপিং মাস্টার পদে পুনর্বহাল করা হল। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতা এবং আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

২। প্রজ্ঞাপন জারীর তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহ্‌নিয়া রহমান চৌধুরী**  
সিনিয়র সহকারী সচিব।

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### শোক প্রস্তাব

তারিখ, ১৫ আষাঢ় ১৪২২/২৯ জুন ২০১৫

**নং প্রম/শোক প্রস্তাব/১১/ডি-৭/৪২০**—বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার মোঃ শাফায়াত সারোয়ার (বিডি/৯৩১৩), জিডি(পি) গত ২৫ মে ২০১৫ তারিখে সিংগাপুর জেনারেল হাসপাতালে মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি............রাজিউন)।

২। স্কোয়াড্রন লীডার মোঃ শাফায়াত সারোয়ার (বিডি/৯৩১৩), জিডি(পি) চাকুরিজীবনে একজন সৎ ও কর্তব্যপরায়ণ কর্মকর্তা ছিলেন।

৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্কোয়াড্রন লীডার মোঃ শাফায়াত সারোয়ার (বিডি/৯৩১৩), জিডি(পি)-এর অকালমৃত্যুতে গভীর শোকপ্রকাশ করতঃ তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন ও মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী হাবিবুল আউয়াল**
সিনিয়র সচিব।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়

### আইন অধিশাখা-৩

### প্রজ্ঞাপন

তারিখ, ১৯ শ্রাবণ ১৪২২/০৩ আগস্ট ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৪-৪৬২**—ডিএমপি, ঢাকার রমনা মডেল থানার সাধারণ ডায়রী নং ২২৭২, তারিখ ৩১-০৫-২০১৫ খ্রিঃ মোতাবেক অভিযুক্ত জাসাস এর সহ-সভাপতি মোহাম্মদ উল্লাহ মামুনসহ বিএনপি এবং বিএনপির নেতৃত্বাধীন জোটভুক্ত অন্যান্য দলের উচ্চ পর্যায়ের নেতৃত্ব মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয়'কে আমেরিকায় অপহরণ করে হত্যার ষড়যন্ত্র করা এবং অপহরণ ও হত্যার জন্য রিজভী আহম্মেদ সিজারকে নিয়োজিত করার অভিযোগে অভিযুক্তগণের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০ এর ১২০-খ ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬-ক ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
উপসচিব।